তারিখ 19 JUN 1987
পৃষ্ঠা ........ কলাম 2

দৈনিক ইত্তেফাক

037

# সরকারী কর্মচারীদের জন্য ১০ ভাগ মহার্ঘ ভাতা

( ইত্তেফাক রিপোর্ট )

নূতন বাজেটে সরকারের সকল সামরিক-বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী এবং রাষ্ট্রায়ত্ত খাতের (এমএনএস, আই ডব্লু ডব্লু পিসি) কর্তা, কর্মচারী, শ্রমিকদের প্রতি মাসে সর্বোচ্চ ৪০০ টাকা হইতে সর্বনিম্ন ৭৫ টাকা, শর্তসাপেক্ষে মূল বেতনের ১০ ভাগ হারে মহার্ঘ ভাতা প্রদানের জন্য ১৪৮ কোটি টাকা রাজস্ব ব্যয় দেখানো হইয়াছে। রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান নিজস্ব তহবিল হইতে এ ব্যয় নির্বাহ করিবে। মাসিক পেনশনভোগীরাও নীট পেনশনে এ মহার্ঘ সুবিধা পাইবেন।

অর্থমন্ত্রী সংসদে ইহাতে 'মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে কিছুটা সুবিধা

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## মহার্ঘ

(১ম পৃঃ

বর্ধন' বলিয়া বর্ণ... রাষ্ট্রায়ত্ত খাত দক্ষত... পনা বাড়াইয়া উ... কমাইতে না পারিলে ... কারণে তাহাদের পণ্য ও ... সেবার দাম বাড়িবে।

বাজেটে ২৫৩ কোটি টাকার অপ্রত্যাশিত ব্যয়ের রাজস্ব বরাদ্দ হইতে সরকারী খাতের মহার্ঘ ভাতার খরচ মিটানো হইবে।

অর্থমন্ত্রী রাষ্ট্রায়ত্ত ও বেসরকারী খাতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও মালিকদের সহিত শ্রমিকদের সৌহার্দ্য বজায় রাখার উপর জোর দিয়া বলেন, নয়া অর্থ-বৎসরে প্রত্যাশিত অগ্রগতি ইহার উপরেও অনেকখানি নির্ভর করিবে।